

দুর্নীতির বিরুদ্ধে মশাল মিছিল : রাবিতে অনিয়ম

নিজস্ব প্রতিবেদক রাজশাহী

৬ অক্টোবর ২০১৯ ০০:০০ | আপডেট: ৫ অক্টোবর ২০১৯ ২৩:০১



আমাদের মমতা

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রশাসনের বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির অভিযোগে মশাল মিছিল করেছে শিক্ষার্থীরা। গতকাল শনিবার সন্ধ্যা ৭টায় রাকসু ভবনের সামনে থেকে তারা মশাল মিছিল বের করে। ক্যাম্পাসের বিভিন্ন পথ প্রদক্ষিণ করে বুদ্ধিজীবী চতুরে এসে মিলিত হয়ে সংক্ষিপ্ত সমাবেশ করে তারা।

বিশ্ববিদ্যালয়ের তিনটি ছাত্র সংগঠনের সদস্য এবং সাধারণ শিক্ষার্থীরা ‘অনিয়ম ও দুর্নীতির বিরুদ্ধে রাজশাহী বিশ্ববিদ্যালয়’ ব্যানারে এই কর্মসূচি পালন করে। গত সোমবার থেকে তারা ধারাবাহিকভাবে বিভিন্ন কর্মসূচি পালন করে আসছে।

সমাবেশে ছাত্র ফেডারেশনের সাধারণ সম্পাদক মহরত হোসেনের সপ্তালনায় সভাপতি রাশেদ রিমন বলেন, শহীদ জোহা স্যার, শহীদ সমাদার স্যারকে নিয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয় এক সময় গর্ব করত। কিন্তু বর্তমান উপাচার্য এম আবদুস সোবহান স্বাধীনতাবিরোধী বক্তব্য এবং সহ-উপাচার্য ড. চৌধুরী মোহাম্মদ জাকারিয়ার নিয়োগ বাণিজ্য বিশ্ববিদ্যালয়ের জন্য অত্যন্ত লজ্জার ব্যাপার। তাই শিগগির তাদের পদত্যাগের দাবি করছি। দ্রুত পদত্যাগ না করলে আরও বড় কর্মসূচির ডাক দেব আমরা।

রাকসু আন্দোলন মধ্যের সমন্বয়ক আব্দুল মজিদ অন্তর বলেন, জয় হিন্দ বলার জন্য উপাচার্যকে নিঃশর্ত ক্ষমা চাইতে হবে। advertisement
অপসারণ করতে হবে দুর্নীতির অভিযোগ ওঠা সহ-উপাচার্যকেও। আমাদের ইউজিসি যেন এসব দুর্নীতির অনুসন্ধান করে
আসল বিষয়টি সবার সামনে তুলে ধরে। আমাদের দাবি না মানা পর্যন্ত আন্দোলন চলবে।